



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

প্রেস বিজ্ঞপ্তি


এথেন্স, ২৬ মার্চ ২০১৬

উদ্ধৃতি

বিপুল উৎসাহ-উদ্দীপনায় বাংলাদেশ দূতাবাস, গ্রীসে স্বাধীনতা দিবস পালন

যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে বাংলাদেশ দূতাবাস, এথেন্স, গ্রীসে মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস পালিত হয়। দিবসটি উপলক্ষে দূতাবাসে সকালে জাতীয় পতাকা উত্তোলন করেন গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ জসীম উদ্দিন। পতাকা উত্তোলনের সময় স্থানীয় বাংলাদেশ কমিউনিটি সংগঠনের নেতৃবৃন্দ, রাজনৈতিক ও সাংস্কৃতিক নেতৃবৃন্দ এবং দূতবাসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এরপর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মুক্তিযুদ্ধে নিহত শহীদদের আত্মার মাগফেরাত এবং দেশের উন্নয়ন ও কল্যাণ কামনা করে মুনাজাত করা হয়। স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসের অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে দূতাবাস প্রাঙ্গণে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী প্রেরিত বাণী পাঠ করা হয়। এরপর দিবসটির গুরুত্ব ও তাৎপর্যের ওপর আলোচনা অনুষ্ঠিত হয়। স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব জসীম উদ্দিন তাঁর বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অতুলনীয় এবং ত্যাগী নেতৃত্বের কথা উল্লেখ করেন। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের উন্নয়ন কর্মসূচিতে প্রবাসী বাংলাদেশি নাগরিকদের একযোগে কাজ করারও আহ্বান জানান। দূতাবাসের সদস্যদের এবং স্থানীয় দোয়েল সাংস্কৃতিক সংগঠনের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান বিপুল সংখ্যক দর্শক উপভোগ করেন। গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের মাঝে মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসের অনুষ্ঠান সৃষ্টি করে এক মিলনমেলা। তাঁদের প্রাণবন্ত ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে দূতাবাসে একটি আনন্দঘন পরিবেশের সৃষ্টি হয়।

উদ্ধৃতি সমাপন


Md. Tarikul Islam
Minister
Embassy of Bangladesh
Athens, Gre